গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি ২-শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০১৮.০৩২.০০.০০.০৪৮.১৫-(অংশ-২)- ৮৩১

তারিখঃ ২৯ ভাদ্র, ১৪২৪ / ১৩ সেপ্টেম্বর, ২০১৭

বিষয়ঃ দেশে জঙ্গিবাদ দমনে সামাজিক সচেতনাতা বৃদ্ধি, উদ্বুদ্ধকরণ কার্যক্রম গ্রহণ ও সমন্বয়ের লক্ষ্যে গঠিত 'জঙ্গিবাদ প্রতিকার এবং প্রতিকার' কমিটির ৭ম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।

সূত্রঃ জননিরাপত্তা বিভাগের স্মারক নং-৩০৮, তারিখ-২৩/০৮/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে জননিরাপত্তা বিভাগ হতে প্রাপ্ত পত্রের ছায়ালিপি অত্রসাথ প্রেরণ করা হলো। বর্ণিত পত্রের সিদ্ধান্ত-১ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

১৩/৯/২০১৭

(ড. সৈয়দা নওশীন পর্ণিনী)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫১৪১৯০

বিতরণঃ

১। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি), ঢাকা।

২। জেলা প্রশাসক (সকল)------------------------------------জেলা।

৩। উপ-পরিচালক (ডিডিএলজি), স্থানীয় সরকার (সকল), ------------------------------ জেলা।

অনুলিপিঃ

১। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

.য় সরকার বিভাগ
গ্রহন ও প্রেরণ শাখা
28 AUG 2017
ডায়েরী নং..... ২৬০৬

স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর
১) অতিরিক্ত সচিব
২) মহাপরিচালক
৩) যুগ্ম-সচিব
১) প্রশাসন
২) উন্নয়ন
৩) নগর উন্নয়ন
৪) পাস
৫) আইন
নম্বরঃ.....
তারিখঃ.....
স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
রাজনৈতিক অধিশাখা-৬

বিষয়ঃ দেশে জঙ্গিবাদ দমনে সামাজিক সচেতনতা বৃদ্ধি, উদ্বুদ্ধকরণ কার্যক্রম গ্রহণ ও সমন্বয়ের লক্ষ্যে গঠিত **"জঙ্গিবাদ প্রতিরোধ এবং প্রতিকার"** কমিটির ৭ম সভার কার্যবিবরণী।

সভাপতি	ঃ	জনাব আসাদুজ্জামান খাঁন মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
তারিখ ও সময়	ঃ	২১ আগস্ট ২০১৭, দুপুর ২.৩০ ঘটিকা।
সভার স্থান	ঃ	সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
উপস্থিত কর্মকর্তাবৃন্দ	ঃ	পরিশিষ্ট-ক দ্রষ্টব্য।

ক্রমিক নং..........তারিখ........
প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো,
যুগ্ম-সচিব (প্রশাসন)
যুগ্ম-সচিব (উপজেলা)
যুগ্ম-সচিব (অডিট)
যুগ্ম-সচিব ( )
উপ-সচিব ( )
সিঃ সঃ সচিব ( )
পার্সোনাল অফিসার
অতিরিক্ত সচিব (প্রঃ)
স্থানীয় সরকার বিভাগ

সচিব মহোদয়ের নির্দেশক্রমে প্রেরণ করা হলো।
যুগ্ম সচিব

১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন, জঙ্গিবাদ প্রতিরোধ ও প্রতিকার কমিটির আজ ৭ম সভা। তিনি উল্লেখ করেন যে, দেশে যাতে জঙ্গিবাদের সৃষ্টি না হয় তথা জঙ্গিবাদ প্রতিরোধ ও নির্মূল এ সভার মূল লক্ষ্য। সভাপতি সভার কার্যপত্র উপস্থাপনের জন্য সচিব, জননিরাপত্তা বিভাগকে অনুরোধ করেন।

২। সচিব, জননিরাপত্তা বিভাগ বলেন যে, দেশে যাতে জঙ্গিবাদের উত্থানকে প্রতিরোধ করা যায় সে লক্ষ্যে "জঙ্গিবাদ প্রতিরোধ ও প্রতিকার" কমিটি করা হয়েছে। মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে গঠিত এই কমিটি অতীতে অনেক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়েছে এবং তা সফলভাবে বাস্তবায়িত হয়েছে। তিনি উল্লেখ করেন যে, মসজিদগুলোতে ইমামদের সাথে সভা হয়েছে। ধর্মীয় ব্যাখ্যাকে যাতে নেতিবাচক বা ভুল ব্যাখ্যার মাধ্যমে কাউকে জঙ্গিবাদে দীক্ষিত করতে না পারে সে জন্য এ সভাসমূহ কার্যকর ভূমিকা রেখেছে। জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টি হয়েছে। মাদ্রাসার পাঠ্যপুস্তক, সিলেবাস প্রণয়নে এই কমিটি ভূমিকা রেখেছে। CSR এর মাধ্যমে জঙ্গিবিরোধী নাটিকা/ডকুমেন্ট করা হয়েছে। জঙ্গিবাদ প্রতিরোধে আরও কিভাবে সমন্বিত কাজ করা যায় এ বিষয়ে সচিব, জননিরাপত্তা বিভাগ কমিটি'র সদস্যদের মতামত প্রত্যাশা করেন। তিনি শুরুতেই ইসলামিক ফাউন্ডেশন কিভাবে জঙ্গিবাদ বিরোধী প্রচারণা করছে তা উপস্থাপনের জন্য মহাপরিচালককে অনুরোধ জানান।

৩। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন বলেন যে, ৬ এপ্রিল ২০১৭ তারিখে সোহরাওয়ার্দী উদ্যানে মক্কা ও মদিনা শরীফের খতিবদের বক্তব্যের উদ্ধৃতাংশ যোগ করে পূর্বের মডেল বক্তৃতা সংশোধন করা হয়েছে। মডেল বক্তৃতা দেশের সকল জেলা, উপজেলা, ও ইউনিয়ন পর্যায়ের মসজিদসমূহে ইসলামিক ফাউন্ডেশনের মাধ্যমে প্রেরণ করা হয়েছে। জুম্মার নামাজের খুতবার পূর্বে বয়ানকালে এই মডেল বক্তৃতা প্রদানের জন্য ইমামদেরকে বলা হয়েছে। মহাপরিচালক জঙ্গি অর্থায়নে কোন কোন ব্যাংকের সম্পৃক্ততার বিষয় সম্পর্কে সভাকে অবহিত করেন। এ প্রসঙ্গে বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি বলেন যে, জঙ্গিদের বিস্তারিত তথ্য দিলে তাদের আর্থিক যোগসূত্র বের করা যাবে।

৪। এনটিএমসি'র প্রতিনিধি বলেন, জঙ্গিবাদ প্রতিরোধ ও প্রতিকারকল্পে তাদের নিজেস্ব কর্মসূচি রয়েছে যার মাধ্যমে তারা কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে। ফেসবুক, টুইটারসহ বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে জঙ্গিবাদের প্রচার-প্রচারণা রোধ এবং বিভিন্ন অবৈধ মোবাইল সীম ব্যবসায়ীদের উপর নজরদারী অব্যাহত রেখেছেন।

যুগ্ম-সচিব (প্রঃ) এর দপ্তর
স্থানীয় সরকার বিভাগ
স্মারক নং ২৭৬৮
তারিখঃ ৩০।৮।১৭
স্বাক্ষর

২০০

৫। অতিরিক্ত আইজিপি, এসবি বলেন যে, কিছু কিছু বিদেশী এদেশে এসে অপরাধমূলক কার্যক্রম পরিচালনা করছে। অবৈধভাবে বসবাসরত বিদেশি নাগরিকগণ আইন-শৃঙ্খলা বাহিনী কর্তৃক আটক হওয়ার পর সহজেই জামিনে মুক্ত হয়। মামলা চলমান থাকায় তাঁরা এদেশে থেকে যায় এবং বিভিন্ন ধরণের অপরাধমূলক কার্যক্রমে লিপ্ত হয়। র‍্যাবের মহাপরিচালক ও ডিএমপি কমিশনার এসব অবৈধ বিদেশীদের জন্য ডিটেনশনের পদ্ধতি চালু করা প্রয়োজন মর্মে সভায় উল্লেখ করেন।

৬। সচিব, জননিরাপত্তা বিভাগ বিভিন্ন দেশের উদ্ধৃতি দিয়ে বলেন যে, CSR (Corporate Social Responsibility) এর আওতায় বিভিন্ন উন্নয়নমূলক কাজ এবং জঙ্গিবাদ বিরোধী প্রচারণা চালানোর ব্যবস্থা করা যেতে পারে। এজন্য তিনি একটি CSR নীতিমালা করার উপর গুরুত্বারোপ করেন।

৭। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

ক্রমিক	বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্ব
১।	উদ্বুদ্ধকরণ কর্মসূচী গ্রহণ	(ক) দেশের মসজিদসমূহে জুম্‌আর খুৎবার পূর্বে জঙ্গিবাদের ক্ষতিকর দিক সম্পর্কে কুরআনের আলোকে লিখিত মডেল বক্তৃতা ৫ হতে ৭ মিনিট বয়ান অব্যাহত রাখতে হবে। যথাযথ মনিটরিং এর জন্য এসবি এর সাথে সমন্বয় করতে হবে। (খ) জুম্‌আর খুত্‌বার পূর্বে কতটি মসজিদে জঙ্গিবাদ বিরোধী মডেল বক্তৃতা বয়ান করা হয় তার বাস্তব সম্মত ও তথ্যভিত্তিক পরিসংখ্যান জননিরাপত্তা বিভাগে সরবরাহ করতে হবে। (গ) পূর্বের ন্যায় সারাদেশে জঙ্গিবাদ বিরোধী উদ্বুদ্ধকরণ সম্পর্কিত বিবিধ কর্মসূচী গ্রহণ ও এ সংক্রান্ত কার্যক্রম অব্যাহত রাখতে হবে। (ঘ) বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে সভা-সমাবেশের মাধ্যমে এবং ইমাম প্রশিক্ষণ ইনস্টিটিউটে ইমামদের প্রশিক্ষণের সময় তাঁদেরকে জঙ্গিবাদের ধর্ম বিরোধী অবস্থান এবং এর কুফল সম্পর্কে সম্যক ধারণা প্রদান অব্যাহত রাখতে হবে।	ধর্ম মন্ত্রণালয়/ ইসলামিক ফাউন্ডেশন/ পুলিশ অধিদপ্তর/এসবি/ স্থানীয় সরকার বিভাগ
২।	জঙ্গিবাদ বিরোধী ডকুমেন্টারী, শর্টফিল্ম, বিজ্ঞাপন চিত্র নির্মাণ ও প্রচার।	(ক) জঙ্গিবাদের ক্ষতিকর ও নেতিবাচক দিক তুলে ধরে আকর্ষণীয় ডকুমেন্টারী, শর্ট-ফিল্ম, বিজ্ঞাপনচিত্র তৈরী এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মাধ্যমে বাধ্যতামূলকভাবে সম্প্রচারের ব্যবস্থা করতে হবে।	তথ্য মন্ত্রণালয়/ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
		(খ) স্বনামধন্য নাট্যকারদের মাধ্যমে জঙ্গিবাদ বিরোধী শিল্পসম্মত শর্ট ফিল্ম ও নাটিকার পান্ডুলিপি প্রস্তুত ও তা চিত্রায়নের মাধ্যমে ইলেক্ট্রনিক মিডিয়ায় সম্প্রচার এবং গণযোগাযোগ অধিদপ্তরের মাধ্যমে দেশের প্রত্যন্ত অঞ্চলে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করে জননিরাপত্তা বিভাগকে অবহিত রাখতে হবে।	তথ্য মন্ত্রণালয় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়/ গণযোগাযোগ অধিদপ্তর
		(গ) সরকারি প্রচার মাধ্যমের পাশাপাশি বেসরকারি টিভি চ্যানেল ও বেতারে প্রতি মাসে জঙ্গিবাদ বিরোধী অনুষ্ঠান প্রচার করতে হবে। সংবাদ প্রচারের আগে এবং টিভি স্ক্রলেও এ ধরণের প্রচারণা চালানোর ব্যবস্থা করতে হবে।	তথ্য মন্ত্রণালয়
		(ঘ) আইন-শৃঙ্খলা বাহিনী/সংস্থা জঙ্গিবাদ বিরোধী শর্ট ফিল্ম তৈরীর ব্যবস্থা গ্রহণ করবে এবং প্রচারের ব্যবস্থা করবে।	পুলিশ অধিদপ্তর/ ডিজিএফআই/ এনএসআই/র‍্যাব/ বিজিবি/আনসার ও ভিডিপি
		(ঙ) জঙ্গিবাদ বিরোধী ছোট ছোট ম্যাসেজ গ্রাহকদের মোবাইল ফোনে প্রচারের ব্যবস্থা করতে হবে। বিটিআরসি ও এসবি যৌথভাবে ম্যাসেজের টেক্সট নির্বাচন করবে।	বিটিআরসি/এসবি

ক্রমিক	বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্ব
৩।	মাদ্রাসার পাঠ্য পুস্তক যুগোপযোগী করা	মাদ্রাসার পাঠ্যপুস্তক যাচাই বাছাই করে মতামত দিবেন।	মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ/ ইসলামিক ফাউন্ডেশন
৪।	জঙ্গি সংগঠনের অর্থের উৎস অনুসন্ধান	(ক) বিভিন্ন পত্র-পত্রিকায় জঙ্গি হিসেবে যাদের নাম এসেছে তাদের বিভিন্ন ব্যাংক একাউন্ট যাচাই-বাছাই করে বিএফআইইউ কর্তৃক ৭টি প্রতিবেদন কাউন্টার টেররিজম ইউনিট ও সিআইডিকে দেয়া হয়েছে। উক্ত কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং তাদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	বাংলাদেশ ব্যাংক/ পুলিশ অধিদপ্তর
		(খ) ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক উপস্থাপিত জঙ্গি অর্থায়নের বিষয়ে ব্যাংকিং বিভাগ ও গোয়েন্দা সংস্থার মাধ্যমে তথ্য সংগ্রহ করতে হবে।	জননিরাপত্তা বিভাগ
৫।	সমন্বিত CSR নীতিমালা প্রণয়ন।	সমন্বিত CSR নীতিমালা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ/ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়/ বাংলাদেশ ব্যাংক
৬।	গোয়েন্দা নজরদারী বৃদ্ধি	দেশব্যাপী বিশেষ করে সামাজিক, সাংস্কৃতিক, ধর্মীয় ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহে কোন জঙ্গি তৎপরতা ও জঙ্গি কার্যক্রম পরিচালিত হচ্ছে কিনা, সে বিষয়ে নজরদারি অব্যাহত রাখতে হবে এবং নিয়মিত প্রতিবেদন প্রেরণ করতে হবে।	এসবি/এনএসআই/ ডিজিএফআই
৭।	ইন্টারনেটে জঙ্গিবাদ বিষয়ক প্রচারণা নিয়ন্ত্রণ	ফেসবুক, টুইটার প্রভৃতি সামাজিক যোগাযোগের মাধ্যম তথা সাইবার স্পেস সার্বক্ষণিক নজরদারি রাখাসহ এনটিএমসি এর সক্ষমতা বৃদ্ধি করতে হবে। সরকারী গুরুত্বপূর্ণ আলাপ-আলোচনা যাতে কেউ রেকর্ড করতে না পারে সে ব্যবস্থা গ্রহণ করতে হবে। অন্যান্য দেশে এ সংক্রান্ত কি ধরণের ডিভাইস ব্যবহার করা হয় তা যাচাই করে প্রয়োজনীয়তার আলোকে সরঞ্জাম সংগ্রহের উদ্যোগ গ্রহণ করতে হবে।	বিটিআরসি/ এনটিএমসি
৮।	সুস্থ বিনোদনের সুযোগ সৃষ্টি	(ক) যুব প্রশিক্ষণের মাধ্যমে যুবদের রেজিষ্ট্রেশন এর ব্যবস্থা করাসহ জঙ্গিবাদ বিরোধী ক্লাস অর্ন্তভুক্ত করতে হবে। খেলাধুলা বিস্তারের মাধ্যমে যুবকদের চিত্ত বিনোদনের উদ্যোগ গ্রহণ করতে হবে। (খ) জঙ্গিবাদ বিরোধী প্রচার-প্রচারণায় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক "জঙ্গিবাদের বিরুদ্ধে সাংস্কৃতিক গণজাগরণ" নামে একটি কর্মপরিকল্পনা গ্রহণের বিষয়টি প্রক্রিয়াধীন আছে। উক্ত কর্মপরিকল্পনার অধীন ৯টি দীর্ঘমেয়াদি ও ১৮টি স্বল্প মেয়াদি বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হচ্ছে। গৃহীত কর্মসূচীগুলো বাস্তবায়ন কর্মকান্ড অব্যাহত রাখতে হবে। এ বিষয়গুলো সময়ে সময়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে অবহিত রাখতে হবে।	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়/ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
৯।	বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ভিসিদের নিয়ে সভা	মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী তথা জঙ্গিবাদ প্রতিরোধ ও প্রতিকর কমিটি'র মাননীয় সভাপতির সভাপতিত্বে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ভিসিদের নিয়ে আগামী ০১ মাসের মধ্যে মতবিনিময় সভা আয়োজন করা হবে।	জননিরাপত্তা বিভাগ
১০।	মায়ানমারের অনুপ্রবেশকারীদের (রোহিঙ্গা) ক্যাম্প এলাকায় বিদেশী নাগরিকের প্রবেশাধিকার নিয়ন্ত্রণ	কক্সবাজারে অবস্থিত মায়ানমারের অনুপ্রবেশকারীদের (রোহিঙ্গা) ক্যাম্প এলাকায় কোন বিদেশি নাগরিক পরিদর্শনে যেতে চাইলে তাঁকে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে অন্ততঃ একমাস আগে আবেদন করতে হবে। উক্ত আবেদনে তিনি/তাঁরা যে এলাকায় অবস্থান করবেন তাঁর নাম, অবস্থানের সময়, পরিদর্শনের উদ্দেশ্য, কার সাথে সাক্ষাত করবেন ইত্যাদি বিষয় সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। উক্ত আবেদনের বিষয়বস্তু সংশ্লিষ্ট গোয়েন্দা সংস্থা কর্তৃক যাচাই-অন্তে স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক অনুমতি প্রদানের বিষয়টি বিবেচনা করা হবে। ক্যাম্প এলাকায় গোয়েন্দা নজরদারী বৃদ্ধি করতে হবে।	জননিরাপত্তা বিভাগ/ সংশ্লিষ্ট গোয়েন্দা সংস্থা/ জেলা প্রশাসক, কক্সবাজার/ বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম

ক্রমিক	বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্ব
১১।	জঙ্গিবাদ বিষয়ক মামলার তথ্য বিবরণী প্রেরণ	জঙ্গি অপরাধের বিষয়ে রুজুকৃত মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।	আইন ও বিচার বিভাগ/এসবি
১২।	অবৈধভাবে অবস্থানরত বিদেশী নাগরিকদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ	অবৈধভাবে অবস্থানরত বিদেশী নাগরিকদের তালিকা প্রেরণ করতে হবে। আইন ও বিচার বিভাগের সাথে আলোচনাক্রমে ব্যবস্থা গ্রহণ করা হবে।	আইন ও বিচার বিভাগ/এসবি

৮। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখঃ ২২/০৮/২০১৭ খ্রিঃ।
(আসাদুজ্জামান খাঁন)
মন্ত্রী
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

স্মারক-৪৪.০০.০০০০.০৭৯.১১.০০১.১৭-৩০৮ তারিখঃ ২৩/০৮/২০১৭ খ্রিঃ।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব/ভারপ্রাপ্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/ স্থানীয় সরকার বিভাগ/ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়/অভ্যন্তরীণ সম্পদ বিভাগ/ধর্ম বিষয়ক মন্ত্রণালয়/সমাজকল্যাণ মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়/সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়/যুব ও ক্রীড়া মন্ত্রণালয়/আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৩। মহাপুলিশ পরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
৪। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৫। ডেপুটি গভর্নর, এফআইইউ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৬। মহাপরিচালক, প্রধানমন্ত্রীর কার্যালয়/বিজিবি/ডিজিএফআই/এনএসআই/আনসার ও ভিডিপি/র‍্যাব/ইসলামিক ফাউন্ডেশন/ এনটিএমসি/শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর/গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা।
৭। অতিরিক্তি সচিব (রাজনৈতিক), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৮। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, এসবি, ঢাকা।
৯। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, সিআইডি, ঢাকা।
১০। পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।
১১। অতিরিক্ত ডিআইজি, কাউন্টার টেরোরিজম এন্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম ইউনিট, ঢাকা।
১২। চেয়ারম্যান, বিটিআরসি, ঢাকা।
১৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
১৪। যুগ্ম-সচিব (রাজ-অনু-১), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১৫। জেলা প্রশাসক, কক্সবাজার।

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৪। সচিবের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৫। জনসংযোগ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৬। অতিরিক্ত সচিব (রাজনৈতিক) এর ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

(হাবিব মোঃ হালিমুজ্জামান)
উপ-সচিব
ফোন ঃ ৯৫৭৬৩৩৮
political6.mha@gmail.com